

# সরকারি/বেসরকারি মেরিটাইম শিক্ষা প্রতিষ্ঠানে মেরিন ক্যাডেট প্রশিক্ষণ কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি



২০২৩-২০২৪ সালের নটিক্যাল / ইঞ্জিনিয়ারিং ক্যাডেট হিসাবে যোগ দিন  
আবেদন করতে ভিজিট করুন : [www.dos.gov.bd](http://www.dos.gov.bd)

নিম্নবর্ণিত মেরিটাইম শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ২০২৩-২০২৪ সালে  
ক্যাডেট ভর্তির জন্য অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন সরকারি মেরিটাইম শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠান সমূহঃ

১. বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম (আসন সংখ্যাঃ পুরুষ - ১৬০ জন ও মহিলা - ২০ জন)।
২. বাংলাদেশ মেরিন একাডেমি, পাবনা (আসন সংখ্যাঃ পুরুষ - ৭০ জন)।
৩. বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল (আসন সংখ্যাঃ পুরুষ - ৭০ জন)।
৪. বাংলাদেশ মেরিন একাডেমি, রংপুর (আসন সংখ্যাঃ পুরুষ - ৭০ জন)।
৫. বাংলাদেশ মেরিন একাডেমি, সিলেট (আসন সংখ্যাঃ পুরুষ - ৭০ জন)।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন সরকারি মেরিটাইম শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠানঃ

১. মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম (আসন সংখ্যাঃ পুরুষ - ৭০ জন ও মহিলা - ১০ জন)।

নৌপরিবহন মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি মেরিটাইম শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠান সমূহঃ

১. ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমি, ঢাকা (আসন সংখ্যাঃ পুরুষ - ৮০ জন)।
  ২. ওয়েস্টার্ন মেরিটাইম একাডেমি, ঢাকা (আসন সংখ্যাঃ পুরুষ - ৫০ জন)।
  ৩. মাস মেরিন একাডেমি, চট্টগ্রাম (আসন সংখ্যাঃ পুরুষ - ৪৪ জন)।
- বিঃদ্রঃ প্রয়োজনীয়তা বিবেচনা করে সরকার আসন সংখ্যা কম বেশি করতে পারে।

## আবেদনের যোগ্যতাঃ

- (ক) বয়সঃ ৩১-১২-২০২৩ খ্রিঃ তারিখে সর্বোচ্চ ২২ বছর (পুরুষ/মহিলা)।
- (খ) শিক্ষাগত যোগ্যতাঃ এসএসসি এবং এইচএসসি অথবা সমমানের উভয় পরীক্ষায় বিজ্ঞান বিভাগে ন্যূনতম জিপিএ ৩.৫০ প্রাপ্ত হয়ে উত্তীর্ণ হতে হবে এবং এইচএসসি অথবা সমমানের পরীক্ষায় পদার্থবিদ্যা ও গণিত বিষয়ে আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০ এবং ইংরেজী বিষয়ে ন্যূনতম জিপিএ ৩.০ প্রাপ্ত হয়ে উত্তীর্ণ হতে হবে। ইংরেজীতে জিপিএ ৩.০০ এর কম থাকলে IELTS পরীক্ষায় সামগ্রিকভাবে ৫.৫ স্কোর থাকতে হবে। ইংলিশ মিডিয়াম অক্সফোর্ড পাঠ্যক্রমের ক্ষেত্রে পদার্থবিদ্যা ও গণিতসহ ন্যূনতম C গ্রেডে A-Level সনদপ্রাপ্ত এবং পদার্থবিদ্যা, গণিত, ইংরেজীসহ কমপক্ষে ৫টি বিষয় নিয়ে ন্যূনতম C গ্রেডে O-Level সনদপ্রাপ্ত অথবা সমমানের হতে হবে।
- (গ) ২০২৩ সালের এইচএসসি অথবা সমমানের পরীক্ষায় অংশগ্রহণকারীগণ Appeared হিসাবে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে, তবে সে এইচএসসি রেজাল্ট এ (খ) এর ন্যূনতম যোগ্যতা না থাকলে বিবেচনায় নেওয়া হবে না।
- (ঘ) ন্যূনতম উচ্চতা ও ওজনঃ পুরুষ - ৫' ৪" এবং মহিলা ৫' ২"। ওজন BMI চর্চি মোতাবেক ন্যূনতম ১৭ থেকে সর্বোচ্চ ২৫ (যেমন - ৫' ৪" : ৪৫-৬৬ কেজি বা ৫' ৬" : ৪৮-৭০ কেজি)।
- (ঙ) দৃষ্টিশক্তিঃ খালি চোখে নটিক্যাল ক্যাডেটদের জন্য ৬/৬; ইঞ্জিনিয়ারিং ক্যাডেটদের জন্য ৬/১২ (চশমাসহ অবশ্যই ৬/৬ হতে হবে)। আবেদনকারীকে অবশ্যই বর্ণান্ধতামুক্ত হতে হবে।
- (চ) অন্যান্যঃ আবেদনকারীকে বাংলাদেশী নাগরিক এবং অবিবাহিত হতে হবে।

## চূড়ান্ত নির্বাচন পদ্ধতির ধাপসমূহঃ

এসএসসি ও এইচএসসি অথবা সমমানের পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এবং ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে নিম্নোক্তভাবে প্রার্থী নির্বাচন করা হবেঃ

- এসএসসি/সমমানের পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ১৫ গুণ = ৭৫ নম্বর (সর্বোচ্চ);
- এইচএসসি/সমমানের পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ২৫ গুণ = ১২৫ নম্বর (সর্বোচ্চ);
- লিখিত পরীক্ষা নৈব্যক্তিক (MCQ পদ্ধতি) = ১০০ নম্বর;
- সর্বমোট = ৩০০ নম্বর;
- লিখিত পরীক্ষায় ন্যূনতম পাস নম্বর ৪০%।
- নৈব্যক্তিক (MCQ পদ্ধতি) ১০০ নম্বর এর বিষয় ভিত্তিক নম্বর বিভাজনঃ পদার্থ বিজ্ঞান-২৫, গণিত-২৫, বাংলা-১০, ইংরেজী-২৫ ও সাধারণ জ্ঞান-১৫।
- পরীক্ষায় মোট ২০০টি প্রশ্ন থাকবে।
- লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা প্রাথমিক শারীরিক পরীক্ষায় অংশগ্রহণ করবে এবং শারীরিক যোগ্যতা পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করবে।

## অনলাইন আবেদন পদ্ধতিঃ

নৌপরিবহন অধিদপ্তরের ওয়েবসাইট ([www.dos.gov.bd](http://www.dos.gov.bd)) এর মাধ্যমে অনলাইনে আবেদন গ্রহণ করা হবে। আবেদন করতে কোন সমস্যা হলে [doscadet.solutionart.net](http://doscadet.solutionart.net) এর মাধ্যমেও আবেদন করা যাবে।

আবেদনের নির্দেশিকা বর্ণিত ওয়েবসাইটে প্রদান করা হয়েছে।

প্রয়োজনে যোগাযোগঃ ০১৮১০০০১১৯০, ০১৮১৫৩৩০৫৯৭।

## আবেদন শুরুর তারিখঃ

১৩ অক্টোবর ২০২৩ খ্রিঃ

## আবেদনের শেষ তারিখঃ

০৫ নভেম্বর ২০২৩ খ্রিঃ

## লিখিত পরীক্ষার তারিখ/সময়/কেন্দ্রঃ

লিখিত পরীক্ষার তারিখ/সময়/কেন্দ্র পরবর্তীতে এসএমএস ও ই-মেইলের এর মাধ্যমে জানানো হবে।

## বিশেষ নির্দেশনাঃ

সরকারি মেরিন একাডেমি হতে পাশকৃত ক্যাডেটদের চাকরি প্রাপ্তির ক্ষেত্রে স্ব স্ব একাডেমি সকল ধরনের সহযোগিতা করবে। বেসরকারি মেরিন একাডেমি কর্তৃপক্ষ ক্যাডেটদের জাহাজে চাকরি দিতে বাধ্য থাকবে।

## সতর্কবাণীঃ

কোন ব্যক্তি ভর্তির নিশ্চয়তা দিয়ে আপনার নিকট অর্থ দাবী করলে নিশ্চিত জেনে রাখুন যে আপনি প্রতারিত হচ্ছেন। যে কোন প্রকার সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচিত হবে।